



মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়

মানিকগঞ্জ।

www.manikganjpourashava.com

“শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন”

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/১৫৮৪

তারিখ : ১৮/১২/২০২৩ খ্রি.

ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ইউনিট (CDU) কমিটির সভার কার্যবিবরণী।

০১	সভার সভাপতি	ঃ জনাব মোঃ বজলুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা ও সভাপতি, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ইউনিট (CDU) কমিটি, মানিকগঞ্জ পৌরসভা।
০২	সভার নাম	ঃ ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ইউনিট (CDU) কমিটির সভা।
০৩	সভার তারিখ	ঃ ০৩/১২/২০২৩ইং।
০৪	সভার বার	ঃ রবিবার।
০৫	সভার সময়	ঃ সকাল ১১.০০ ঘটিকা।
০৬	সভার স্থান	ঃ মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ।

সভার উপস্থিতি (পরিশিষ্ট-ক)

মানিকগঞ্জ পৌরসভার ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ইউনিট (CDU) কমিটির সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার সভাপতি সভার সহায়ক কর্মকর্তা জনাব মোহাম্মদ আমিরুল ইসলামকে সভার কার্যক্রম আরম্ভ করার জন্য অনুরোধ করেন।


০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও স্থিরিকরণ :-

আলোচনা : সভায় অত্র কমিটির সহায়ক কর্মকর্তা মোহাম্মদ আমিরুল ইসলাম ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ইউনিট (CDU) কমিটির বিগত ২৬/০৯/২০২৩ খ্রি. তারিখের সভার কার্য বিবরণী পাঠ করে শোনান। সহায়ক কর্মকর্তা কর্তৃক পঠিত কার্য বিবরণীর উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত :- বিস্তারিত আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণীর উপর কোন রূপ সংশোধন, পরিবর্তন, পরিমার্জন না থাকায় বিগত সভার কার্য বিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সুপারিশ করা হলো।

০২। মানিকগঞ্জ পৌরসভার সকল শাখাকে ডিজিটাল করার বিষয়ে আলোচনা :

আলোচনা : সভার সভাপতি উপস্থিত সকলকে জানান যে, আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে সকল কর্মকাণ্ড সম্পন্ন করার জন্য প্রয়োজন সকল শাখাতে অনলাইন সিস্টেম চালু করে ডিজিটাল করা প্রয়োজন। কারন অনলাইনের মাধ্যমে তথ্য ভান্ডার সমৃদ্ধ করা না হলে বর্তমান পরিস্থিতিতে বিশ্বের সাথে তাল মেলানো সম্ভব নয়। গত সভায় বিষয়টি নিয়ে আলোচনা হয়েছিল কিন্তু বাস্তবায়িত হয়নি। তাই বিষয়টি নিয়ে পুনঃরায় বিস্তারিত আলোচনা করা হয়।


২০১২/২৩
মোঃ বজলুর রহমান
পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।


সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে পৌরসভার সকল শাখা ও সকল কর্মকাণ্ডকে অনলাইন সিস্টেম ও ডিজিটাল করার পুনঃ সুপারিশ সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো।

০৩। পৌরসভার সকল সেবা সার্ভিসের মাধ্যমে অনলাইন করন সংক্রান্ত :-

আলোচনা : সভার সভাপতি সভাকে জানান যে পৌর সভার আদায় ও উন্নয়ন প্রকল্প সহ সকল সেবা প্রদানের ক্ষেত্রে উল্লেখিত কর্মসমূহ নতুন নতুন সার্ভিস প্রতিস্থাপন পূর্বক আধুনিকরন এখন দাবিতে পরিনত হয়েছে। জনগন এখন পৌরসভার সকল সার্ভিসের তথ্য বাড়ীতে মোবাইলের মাধ্যমে তথ্য আদান প্রদানের সিস্টেম চালু করা যেতে পারে। বিষয় সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে হিসাব শাখায় হিসাব নিরীক্ষার জন্য সফটওয়্যার, পৌর হোল্ডিং কর আদায়ের জন্য আধুনিক সফটওয়্যার ভাড়া আদায়ের জন্য কম্পিউটার এবং কর আদায়ের জন্য আধুনিক সফটওয়্যার তৈরী করার ব্যবস্থা গ্রহন করার সুপারিশ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ বজলুর রহমান)
পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

ও
সভাপতি

ক্যাপাসিটি ডেভেলপমেন্ট কমিটি (CDU)

তারিখ : ১৮/১২/২০২৩ খ্রি.


স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৩/১৫৮৪

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

০১। মেয়র, মানিকগঞ্জ পৌরসভা।

০২। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।

০৩। জনাব সদস্য, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট কমিটি (CDU), মানিকগঞ্জ পৌরসভা।


পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

ও

সভাপতি

ক্যাপাসিটি ডেভেলপমেন্ট কমিটি (CDU)

মোঃ বজলুর রহমান
পৌর নির্বাহী কর্মকর্তা
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।